[redacted]

[redacted]

প্রধান অতিথির বক্তব্যে এ.জে.এম. সিরাজুম মুনির বলেন, “আমাদের দেশে প্রাকৃতিক সম্পদ সীমিত হলেও সবচেয়ে বড় সম্পদ হলো মানুষ। এই জনশক্তিকে দক্ষ মানবসম্পদে রূপান্তরিত করতে পারলেই দেশের উন্নয়ন আরও ত্বরান্বিত হবে।”

ইয়াদুল মোমিন বলেন, “দেশে লাখ লাখ বেকারের সবাইকে সরকারের একার পক্ষে চাকরি দেওয়া সম্ভব নয়। তাই তরুণদের চাকরিপ্রার্থী নয়, চাকরিদাতা হিসেবে নিজেদের গড়ে তুলতে হবে। ওয়েভ ফাউন্ডেশনের এ উদ্যোগ বেকারত্বের বৃত্ত ভাঙতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।”

ওয়েভ ফাউন্ডেশনের এরিয়া ম্যানেজার ইলিয়াস হোসেন বলেন, “প্রশিক্ষণ ও মেন্টরশিপের মাধ্যমে তরুণরা জলবায়ু-সংবেদনশীল উদ্যোক্তা দক্ষতা অর্জন করে স্থানীয় পর্যায়ে কর্মসংস্থান সৃষ্টি ও পরিবেশগত ইতিবাচক পরিবর্তনে ভূমিকা রাখতে পারবেন।”

অংশগ্রহণকারী তরুণ মুনতাসির মাহমুদ বলেন, “সবুজ উদ্যোক্তা হওয়ার স্বপ্ন ছিল, কিন্তু কোথা থেকে শুরু করব বুঝতে পারছিলাম না। আজকের সভা আমাকে সেই পথ দেখিয়েছে।”

সভায় সবুজ ও টেকসই ব্যবসার ধারণা, উদ্যোগ গ্রহণের প্রাথমিক ধাপ, পরিবেশবান্ধব ব্যবসায় অর্থায়নের বিভিন্ন উৎস এবং উদ্যোক্তা হওয়ার ব্যবহারিক কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

মেহেরপুরে বেকারত্ব ও আমার ভাবনা

কোনো দেশের জনশক্তির তুলনায় কর্মসংস্থানের স্বল্পতার ফলে সৃষ্ট সমস্যাই বেকার সমস্যা। বর্তমান বাংলাদেশে এই সমস্যা জটিল ও প্রকট আকার ধারণ করেছে তার চেয়েও আরোও বেশী প্রকট মেহেরপুরে, কেন? বেকারত্ব বলতে মূলত বোঝায় কর্মক্ষম শ্রমশক্তির পর্যাপ্ত কর্মসংস্থানের অভাব।

আন্তর্জাতিক শ্রমসংস্থার সংজ্ঞা অনুযায়ী, “Unemployment (or

joblessness) occurs when people are without work and actively seeking work." The Bureau of Labour Statistics (BLS) [illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

তাতে তাদের বেজ্জতি হয় নি।

অত ভাবনার কিছু নেই। যা খুশি করো। শরবত বিক্রি করো, এখন দারুণ সিজন। তুরস্কের প্রেসিডেন্ট এরদোয়ান শহরে রুহ আফজা ফ্লেভরের শরবত বিক্রি করতেন। ভারতের নরেন্দ্র মোদি রেল স্টেসানে চা বিক্রি করতেন। আমেরিকার প্রেসিডেন্ট জিমি কার্টার বিক্রি করতেন বাদাম।

যাদের তুমি শরম পাচ্ছো, আর দশ বছর পর নিজেই নিজের কাছে লজ্জা পাবা। তারা তোমার কোন উপকারেই আসে নি। লোহার জাহাজ পানিতে ভাসানো হবে জেনে এলাকার লোকজন (সম্ভবত যে সি পেরিয়ারকে) ঢিল মেরে মাথা ফাটিয়ে দিয়েছিল। অথচ, সেটাই হয়ে গেল সভ্যতার বিশাল আবিস্কার।

যারা হাসে, তারা নেংটি ইঁদুরের মত আজীবনই হাসবে। তাদের ধারণা একটাই, ধুর পোলাটারে দিয়ে কিচ্ছু হবে না। নিজের ইচ্ছেকে প্রাধান্য দাও। স্বপ্নটাকে জিইয়ে রাখো।

মোটর গ্যারাজে আজই কাজ শুরু করে দাও, শরম পাওয়া ছেলেটার চাইতে দশ বছর এগিয়ে থাকবে তুমি। পড়ালেখা করতে করতে আতেঁল হয়ে যাবার পক্ষে আমি না। এক্সট্রা অর্ডিনারী ব্রেন থাকলে এই লেখাটা তোমার জন্যে না। এভারেজ মেধার তরুণদের নিয়ে কথা হচ্ছে৷ এভারেজ মেধাবীরা কেডিএস, কে এস আর এম, ওয়েল গ্রুপের মালিক হতে পেরেছে। টপার মেধাবীরা সেখানে চাকরি করছে।

দেখবে, পিঁপড়ারা কখনো থেমে যায় না৷ ওদের পথ কেউ আটকে দিলে বিকল্প পথ ঠিকই খুঁজে নেয়৷ পিঁপড়াদের থেকেও শেখার আছে অনেক কিছু৷

তুমি বেচে আছো, তুমি শ্বাস নিতে পারছো মানেই তুমি প্রাণবন্ত না। তুমি কেবলই জীবিত।

তুমি মানুষ হয়ে জন্মেছ বলেই সমাজে অস্তিত্ব আছে তা নয়। শুধু মানুষ হিসাবে নয়, তুমি একজন আছো এটা জানান দেয়াটাই তোমার অস্তিত্ব।

নিজের অস্তিত্ব জানান দিতে তোমাকে নিজ পথ বেছে নিতে হবে। বাধা আসবেই, না আসলে বুঝবে তোমার পথ সঠিক নয়, বাধা অতিক্রম করতে হবেই। কেউ পথ আটকিয়ে দিলে বিকল্প পথ খুজে নিতে হবে যেমনটি

পিঁপড়ারা করে। সাহস নিয়ে এগুতে হবে।

ভীরুতা বা ভাগ্যের উপর নির্ভরতা থাকলে কখনওই টাইমলাইনে আসা যায় না। একটি স্বপ্ন থাকা লাগে, একটি লক্ষ্য থাকা লাগে, হিম্মত লাগে, সাহস লাগে, আওয়াজ লাগে। থাকলে শোনাও। জানাও পৃথিবীকে তোমার অস্তিত্ব আছে।

You are not only alive.. you exist.

এসো তারুণ্যে জাগি, লজ্জাটাকে শিঁকেই তুলে বাঁচি। আগামীর পৃথিবীটা তোমার জন্যে অপেক্ষা করছে।

লেখক: মেহেরপুর প্রতিদিনের প্রকাশক।

আজকের বিন্দু বিন্দু জল সমুদ্র না হলেও পুকুর হয়ে যেতে পারে…

বেকারত্ব একটি অভিশাপ। আমারও বেকার দিনগুলির কথা মনে পড়লে অনুধাবন করি কষ্টের যাতনা।

তবে একটি অভিজ্ঞতা হয়েছে, একটি সময়ের পর মহান আল্লাহ তায়ালা কাউকেও বেকার রাখেন না। তিনি কাকে কি রিজিক দিবেন, কিভাবে সম্মানিত করবেন তা নির্ধারিত আছে।আমাদের কাজ হচ্ছে চেষ্টা করে যাওয়া। হতাশ হওয়া যাবে না। পাখি যেমন ভোরে বের হয় রিজিকের সন্ধানে সে জানে না কি তার রিজিক, সৃস্টিকর্তা তার জন্যও একটা ব্যবস্থা করে রেখেছেন।তেমনি মানুষের কেউই জানে না কি তার নির্ধারিত।

আমি নিজেও কখনো ভাবি নি যে আমি ব্যবসা করব।আমার জীবনে আমি অনেককেই বেকারত্বের কারনে ভুল পথে চলে যেতে দেখেছি। কিন্তু ধৈর্য্যহারা হলে হবে না।

Intention, integrity, hardworking, loyalty to almighty Allah

এইগুলি থাকলে আপনি নিশ্চিত জয়ী হবেন।আপনার যা আছে তাই নিয়ে শুরু করুন না, দেখবেন আজকের বিন্দু বিন্দু জল গভীর সমুদ্র না হলেও একটি পুকুর হয়ে যেতে পারে।

আমার যা আছে, কাল বিলম্ব না করে তাই দিয়েই শুরু করতে হবে। ধরুন, আমার সঞ্চয়ে তিন লাখ টাকা জমা হয়েছে। আমি সেটা কাজে লাগাবো। মেহেরপুরে দুই লাখ দিয়ে ৩ টা গাভী কিনবো। ৩ টা গাভীতে দিনে কতটুকু দুধ হয়? মনে হয়, ৪৫ কেজি যার দাম ১৭০০ টাকা, ভরণ পোষণ খরচ সব বাদ দিলেও শুনলাম ১০০০ টাকা দিনে আয় হবে। বাকি ১ লাখ টাকা দিয়ে কবুতর পালন করলে তা থেকেও দিনে ৫০০ টাকা থাকবে। অর্থাৎ মাসে ৪৫ হাজার টাকা আয় করা সম্ভব। না হয় আরও কিছু কম।

চাকরি করে আর কয় টাকা হয় এগুলোতে তো দেখছি আরো লাভ। এইসব ক্ষেত্রে সরকারী ঋণও পাওয়া যায় সুদবিহীন। একটু মনযোগী হলে আস্তে আস্তে বড় খামারে পরিনত করা যেতে পারে। একদিন আমি হবো একটি বড় খামারের মালিক। আর বসে থাকা যাবে না। আমার যে পুজি আছে তাই নিয়ে নেমে পড়ি। আমার চেষ্টা আর আল্লাহতালার সহায়, আর কে ঠেকায়।।।।।।।

আল্লাহ তায়ালা যেন বেকারদের বেকারত্বের হাত থেকে মুক্তি দিন, আমিন।

লেখক: প্রকাশক, মেহেরপুর প্রতিদিন ।